সংবাদ

তারিখ ২০ JUL 2016
পৃষ্ঠা ৪ কলাম ৫

# জবির ভর্তি পরীক্ষা ২৩ সেপ্টেম্বর শুরু

প্রতিনিধি, জবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষ ১ম সেমিস্টারের ভর্তি পরীক্ষা শুরু হবে আগামী ২৩ সেপ্টেম্বর থেকে। গতকাল বিকেলে বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তি পরীক্ষার সম্ভাব্য সময়সূচি নির্ধারণ করা হয়েছে। কলা ও আইন অনুষদভুক্ত 'বি' ইউনিটের ২৩ সেপ্টেম্বর, নাট্যকলা বিভাগ, সংগীত বিভাগ ও চারুকলা বিভাগের 'ই' ইউনিটের ২৪ সেপ্টেম্বর, ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'সি' ইউনিটের ৩০ সেপ্টেম্বর, বিজ্ঞান অনুষদ এবং লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত 'এ' ইউনিটের ২১ অক্টোবর, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ডি' ইউনিটের ২৮ অক্টোবর ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়েছে। সকল ইউনিটের ভর্তি পরীক্ষা বিকাল ৩.৩০টায় অনুষ্ঠিত হবে। এছাড়াও ভর্তি সংশ্লিষ্ট ভর্তির তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.jnu.ac.bd)-এ পাওয়া যাবে।